



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৯

০১ জুন ২০২২  
তারিখঃ -----  
১৮ জ্যৈষ্ঠ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

‘জনশুমারি ও গৃহগণনা ২০২২’ সুষ্ঠুভাবে বাস্তবায়ন প্রসঙ্গে।

ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে দশ বছর পর্যায়বৃত্তি অনুসরণপূর্বক ষষ্ঠ ‘জনশুমারি ও গৃহগণনা ২০২২’ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক আগামী ১৫ জুন ২০২২ হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত দেশব্যাপী পরিচালিত হবে। এ লক্ষ্যে ১৪ জুন ২০২২ তারিখ দিবাগত রাত ১২:০০টা-কে ‘শুমারি রেফারেন্স পয়েন্ট/সময়’ হিসেবে ধার্য করা হয়েছে। উক্ত জনশুমারি সফলভাবে পরিচালনার লক্ষ্যে দেশের সকল নাগরিকের অন্তর্ভুক্তি নিশ্চিতকরণসহ এ বৃহৎ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত শুমারিতে অংশগ্রহণ ও তথ্য প্রদানসহ সার্বিক সহায়তা নিশ্চিত করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

২। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)  
পরিচালক (বিআরপিডি)  
ফোনঃ ৯৫৩০২৫২